



# মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

বাগজান, মূলজান, মানিকগঞ্জ।

ISO 9001: 2008 & 2015 CERTIFIED

টেলিফোন : ০২-৭৭১০৬৯৮, অভিযোগ কেন্দ্র : ০২-৭৭১০৫৬৩, ফ্যাক্স : ০২-৭৭১০৯১৩, ই-মেইল : gmpbsmnk@yahoo.com. ওয়েব : www.manikganjpbs.org.bd

স্মারক নং-২৭.১২.৫৬০০.৫৪১.০১.০৩৮.২৫. ৩০৭৭

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ- ১৪৩২  
২৬ মে-২০২৫

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে “অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম” সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় “অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম” মুদ্রণের জন্য বাংলাদেশের প্রকৃত মুদ্রণকারী/সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ


ক্রঃ নং	বিবরণ ও স্পেসিফিকেশন	পরিমাণ	উদ্ধৃত মূল্য (সকল প্রকার শুল্ক ও অন্যান্য ব্যয়সহ)	
			একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	<p>কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্মঃ</p> <p>ক) বিইআরসি কর্তৃক জারিকৃত নতুন বিল ফর্ম্যাট (নমুনা মোতাবেক)।</p> <p>খ) বিল ফর্ম সমূহ চলমান কাগজে (Continuous Paper) তৈরী করিতে হইবে। চলমান বিল পৃষ্ঠার বামে ও ডানের ট্রাস্টারের ছিদ্র সমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হইবে এবং উক্ত ছিদ্র সমূহ স্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করিতে হইবে; যাহাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে।</p> <p>খ) ব্যবহৃত কাগজের মান ও সাইজের যথাক্রমে ৭০ জিএসএম উন্নতমানের অফসেট (সাদা) ও সাইজ ৮.৫' x ১১' হইতে হইবে।</p> <p>গ) প্রতি বিল ফর্মের প্রথম পৃষ্ঠার কিছু আইটেমের শিরোনামে (অফিস কপি ও গ্রাহক কপির নীচে) ও অপর পৃষ্ঠায় উপরের অংশে বিজ্ঞপ্তি সমূহ (সাধারণ বিধি) সকলের দৃষ্টি আকর্ষণের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করিতে হইবে। মুদ্রণের অক্ষর সমূহ স্পষ্ট (Sharp) হইতে হইবে।</p> <p>ঘ) প্রতি প্যাকেটে ২০০০টি শীট থাকিতে হইবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ২০০০ শীটের ন্যূনতম ওজন ৭০ জিএসএম এর ক্ষেত্রে ৯.৩৩ কেজি হইতে হইবে।</p>	২,৬০,০০০ কপি		
		২,৬০,০০০ কপি		

## শর্তাবলীঃ-

০১।

দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		
দরপত্র দাখিল ও খোলার স্থান সমূহ	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১। মানিকগঞ্জ পবিসের সদর দপ্তর বাগজান, মূলজান, মানিকগঞ্জ।	তারিখ ০১/০৬/২০২৫ খ্রিঃ রোজঃ- রবিবার সময়ঃ- সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১১ঃ০০ ঘটিকা পর্যন্ত।	তারিখ ০১/০৬/২০২৫ খ্রিঃ রোজঃ- রবিবার সময়ঃ- বেলাঃ ১১ঃ০৫ ঘটিকায়।

- ০২॥ দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি প্রদান করতে হবে।
- ০৩॥ উল্লিখিত স্পেসিফিকেশন তথা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৪॥ দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। “অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম সরবরাহের দরপত্র” কথাটি খামের উপরিভাগে সুস্পষ্টভাবে লিখতে হবে।
- ০৫॥ নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের ক্ষেত্রে কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না। তবে কোন উপযুক্ত কারণে মালামাল সরবরাহে বিলম্ব হলে বিলম্বের যৌক্তিক কারণ ব্যাখ্যা পূর্বক অবশ্যই কর্তৃপক্ষের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে।
- ০৬॥ শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ০৭॥ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


  
 (মোঃ সুলতান নাহিমুল হক)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার

আঞ্চলিক/বিভাগীয় অনুলিপি (বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ),  
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- ০৪॥ ডিজিএম(সার্ভিস/ঘিওর/হরিরামপুর/সিংগাইর/মানিকগঞ্জ জোনাল/সদর দপ্তর-কারিগরী), মানিকগঞ্জ পবিস।
- ০৫॥ এজিএম (অর্থ-হিসাব/দৌলতপুর/শিবালয় সাব-জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
- ০৬॥ এজিএম আইটি-১/২, মানিকগঞ্জ পবিস। (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ০৭॥ নোটিশ বোর্ড, মানিকগঞ্জ পবিস।

বহিঃবিভাগীয় অনুলিপি (বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ),  
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, মানিকগঞ্জ।
- ০২॥ মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
- ০৩॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, মানিকগঞ্জ।
- ০৪॥ নোটিশ বোর্ড।

  
 (মোঃ সুলতান নাহিমুল হক)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার